

## কিভাবে আপনি ঈশ্বর কী চান তা জানতে পারবেন

বাইবেলে কোন্ গুরুত্বপূর্ণ তথ্য দেওয়া রয়েছে? (১)

বাইবেলের গ্রন্থকার কে? (২)

আপনার কেন বাইবেল অধ্যয়ন করা উচিত? (৩)

১. বাইবেল ঈশ্বরের কাছ থেকে এক বহুমূল্য উপহার। এক প্রেমময় পিতার কাছ থেকে তার সন্তানদের প্রতি এটি এক পত্রস্বরূপ। এটি ঈশ্বর সম্পর্কীয় সত্য সম্বন্ধে আমাদের জানায়—তিনি কে এবং তাঁর মানদণ্ড সকল কী। সমস্যাসমূহের কিভাবে মোকাবিলা করা যায় ও কিভাবে প্রকৃত সুখ পাওয়া যেতে পারে এটি তার ব্যাখ্যা করে। ঈশ্বরকে সন্তুষ্ট করতে যা অবশ্যই আমাদের করতে হবে তা একমাত্র বাইবেলই আমাদের জানায়।—গীতসংহিতা ১:১-৩; যিশাইয় ৪৮:১৭, ১৮.

২. সা.শ.পূ. ১৫১৩ সালে শুরু হয়ে, ১৬০০ বছর সময় ধরে প্রায় ৪০ জন বিভিন্ন ব্যক্তি দ্বারা বাইবেল লিখিত হয়েছিল। এটি গঠিত হয়েছে ৬৬টি ছোট ছোট পুস্তকের সমন্বয়ে। যারা বাইবেল লিখেছিলেন তারা ঈশ্বর দ্বারা অনুপ্রাণিত হয়েছিলেন। তারা তাঁর চিন্তাধারা লিপিবদ্ধ করেছিলেন, তাদের নিজেদের নয়। তাই স্বর্গের ঈশ্বর হলেন বাইবেলের গ্রন্থকার, পৃথিবীস্থ কোন মানুষ নয়।—২ তীমথিয় ৩:১৬, ১৭; ২ পিতর ১:২০, ২১.

৩. ঈশ্বর নিশ্চিত ব্যবস্থা নিয়েছিলেন যাতে বাইবেল নিখঁতভাবে প্রতিলিপি করা এবং সংরক্ষিত হয়। যে কোন পুস্তকের চেয়ে বাইবেলের মুদ্রণ সংখ্যা অনেক বেশি। আপনাকে বাইবেল অধ্যয়ন করতে দেখে সকলেই যে খুশি হবেন তা নয়, কিন্তু তা যেন আপনাকে থামিয়ে না দেয়। যে কোন বিরোধিতা সত্ত্বেও ঈশ্বরকে জানা এবং তাঁর ইচ্ছা পালন করার উপরে আপনার অনন্ত ভবিষ্যৎ নির্ভর করছে।—মথি ৫:১০-১২; যোহন ১৭:৩.

